ঝিনাইদহে জাতীয় সমবায় দিবস উদযাপন

‘সাম্য ও সমতায় দেশ গড়বে সমবায়’ এই প্রতিপাদ্যকে সামনে রেখে ঝিনাইদহে ৫৪তম জাতীয় সমবায় দিবস উদযাপন করা হয়েছে। জেলা সমবায় বিভাগের আয়োজনে শনিবার সকালে সদর উপজেলা পরিষদ চত্বর থেকে একটি র্যালী বের করা হয়। র্যালীটি বিভিন্ন স্থান ঘুরে একই স্থানে এসে শেষ হয়। পরে সদর উপজেলা পরিষদ মিলনায়তনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

কেন্দ্রীয় সমবায় ব্যাংকের সভাপতি জাহিদুজ্জামান মনার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক মোহাম্মদ আব্দুল আওয়াল। বিশেষ অতিথি ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক সাইফুর রহমান, অতিরিক্ত পুলিশ সুপার মাহফুজুর রহমান। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন জেলা সমবায় কর্মকর্তা জাফর ইকবাল।

আলোচনা সভায় বক্তারা বলেন, সমবায়ের মাধ্যমে দেশের প্রান্তিক মানুষ অর্থনৈতিকভাবে স্বাবলম্বী হবে। সঠিক পরিকল্পনা ও স্বচ্ছ ব্যবস্থাপনায় সমবায় খাত এগিয়ে গেলে দেশের সামগ্রিক উন্নয়ন ত্বরান্বিত হবে বলেও বক্তারা মত দেন।

মুজিবনগরে ৫৪তম জাতীয় সমবায় দিবস উদযাপন

“সাম্য ও সমতায়, দেশ গড়বে সমবায়” এই স্লোগান সামনে রেখে মেহেরপুরের মুজিবনগরে জাতীয় ও সমবায় পতাকা উত্তোলন, র্যালি, আলোচনা সভা ও পুরস্কার বিতরণের মধ্য দিয়ে পালিত হয়েছে ৫৪তম জাতীয় সমবায় দিবস।

দিবসটি উদযাপন উপলক্ষে আজ শনিবার সকাল ১০টায় উপজেলা পরিষদ চত্বরে

জাতীয় ও সমবায় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে দিবসটির উদযাপনের শুভ সূচনা করা হয়।

পরে, উপজেলা পরিষদ চত্বর থেকে একটি বর্ণাঢ্য র্যালি বের হয়ে প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা পরিষদ চত্বরে শেষ হয়। পরে পরিষদ মিলনায়তনে সমবায় দিবসের আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মুজিবনগর উপজেলা সমবায় অফিসার মাহবুবুল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডল।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ও বক্তব্য রাখেন মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মিজানুর রহমান, গুডনেইবারর্স বাংলাদেশ এর মেহেরপুর সিডিপির ম্যানেজার বিপুল রেমা, সুপ্রতিবেশীর মহিলার সমবায় সমিতির সভাপতি রেহেনা খাতুন, গোপালনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের সাধারণ সম্পাদক রবিউল ইসলাম, মোনাখালী অনির্বাণ সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ এর সভাপতি আমজাদ হোসেন, এবং বিআরডিবি চেয়ারম্যান মুন্সি টিটো।

এছাড়াও অনুষ্ঠানে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিক, উপজেলার বিভিন্ন সমবায় সমিতির কর্মকর্তা-কর্মচারী এবং সমবায়ীরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানটিতে মেহেরপুর জেলার সমবায় সমিতির প্রথম স্থান অধিকার করা মুজিবনগর উপজেলার সুপ্রতিবেশী মহিলা সমবায় সমিতি ও গোপালনগর সমবায় ব্যবসায়ী সমিতি নামে দুটি প্রতিষ্ঠানকে, এছাড়াও সমবায়ে বিশেষ অবদানের জন্য গোপালনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের চেয়ারম্যান আব্দুর রাজ্জাককে পুরস্কৃত করা হয়।

মেহেরপুর সমবায় ব্যাংক লিমিটেডের নবনির্বাচিত কমিটির

দায়িত্ব গ্রহণ

মেহেরপুর সমবায় ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা কমিটির নবনির্বাচিত সদস্যরা আজ বুধবার আনুষ্ঠানিকভাবে দায়িত্ব গ্রহণ করেছেন।
দুপুরে ব্যাংকের কার্যালয়ে এক অনুষ্ঠানের মাধ্যমে তারা দায়িত্বভার গ্রহণ করেন।

গত ২৮ জুন অনুষ্ঠিত নির্বাচনে সভাপতি পদে মোহা. হাফিজুর রহমান ও মোঃ আবু তালেব বিদা প্রতিদ্বন্দ্বিতায় সহ-সভাপতি পদে নির্বাচিত হন।

সমবায় সমিতি বিধিমালা ২০০৪ (সংশোধিত ২০২০) এর ৩২(১) বিধি অনুযায়ী বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হন দুইজন সদস্য মো. শহীদুল্লাহ এবং এস. এম. ফয়েজ।

দায়িত্ব গ্রহণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন নির্বাচন কমিটির সভাপতি মো. মাহবুবুল হক এবং সদস্য মো. জামিয়ে আলম ও মো. সাইফুর রহমান, কমিটির সাবেক সভাপতি নূরুল ইসলাম প্রমুখ।

নতুন কমিটির সদস্যদের ফুলেল শুভেচ্ছা ও শুভকামনা জানানো হয়।

সভাপতি মোহা. হাফিজুর রহমান, মোঃ আবু তালেব সহ-সভাপতি

মেহেরপুর সমবায় ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা কমিটির নির্বাচন শান্তিপূর্ণভাবে সম্পন্ন হয়েছে।

নির্বাচনে সভাপতি পদে মোহা. হাফিজুর রহমান চেয়ার প্রতীক নিয়ে ১৩ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন। তার প্রতিদ্বন্দ্বী মো. আব্দুল মজিদ আনারস প্রতীক নিয়ে পেয়েছেন ৬ ভোট।

শনিবার সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত মেহেরপুর সমবায় ব্যাংক

লিমিটেডের কার্যালয়ে ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়। এবারের নির্বাচনে মোট ভোটার সংখ্যা ছিল ৩৩ জন।

অন্যদিকে, সমবায় সমিতি বিধিমালা ২০০৪ (সংশোধিত ২০২০) এর ৩২(১) বিধি অনুযায়ী, তিনজন প্রার্থী না থাকায় বিনা প্রতিদ্বন্দ্বিতায় সহ-সভাপতি পদে মো. আবু তালেব নির্বাচিত হয়েছেন।

এছাড়া, সদস্য পদে মো. শহীদুল্লাহ (নির্বাচনী এলাকা–ক) এবং এস. এম. ফয়েজ (নির্বাচনী এলাকা–খ) নির্বাচিত হয়েছেন।

নির্বাচন পরিচালনার দায়িত্বে ছিলেন নির্বাচন কমিটি ২০২৫-এর সভাপতি মো. মাহবুবুল হক এবং সদস্য মো. জামিয়ে আলম ও মো. সাইফুর রহমান। পুরো নির্বাচনের তদারকি করেছেন কমিটির সাবেক সভাপতি নুরুল ইসলাম।

মেহেরপুর সমবায় ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা কমিটির নির্বাচন

মেহেরপুর সমবায় ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা কমিটির নির্বাচন ২০২৫-এর ঘোষিত তফসিল অনুযায়ী আজ সোমবার ছিল মনোনয়নপত্র জমা দেওয়ার শেষ দিন।

নির্ধারিত সময়সীমার মধ্যে চারটি পদের বিপরীতে মোট পাঁচজন প্রার্থী তাঁদের মনোনয়নপত্র জমা দিয়েছেন।

নির্বাচন কমিটির সভাপতি মো. মাহবুবুল হকের নিকট জমা পড়া মনোনয়নপত্র অনুযায়ী, সভাপতি পদে মনোনয়নপত্র জমা দিয়েছেন মো. হাফিজুর রহমান ও মো. আব্দুল মজিদ। সহ-সভাপতি পদে প্রার্থী হয়েছেন মো. আবু তালেব।

নির্বাচনী এলাকা ‘ক’ (মেহেরপুর সদর ও মুজিবনগর উপজেলা) থেকে সদস্য পদে মনোনয়নপত্র জমা দিয়েছেন মো. শহীদুল্লাহ এবং ‘খ’

এলাকা (গাংনী উপজেলা) থেকে সদস্য পদে মনোনয়ন দিয়েছেন এস. এম. ফয়েজ।

মনোনয়ন জমা দেওয়ার সময় উপস্থিত ছিলেন মেহেরপুর সমবায় ব্যাংকের বর্তমান সভাপতি মো. নুরুল ইসলাম, মেহেরপুর জেলা সমবায় অফিসের পরিদর্শক ও ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. নুরুজ্জামান এবং অফিস সহকারী রানা।

ঘোষিত তফসিল অনুযায়ী আগামী ২৭ মে ২০২৫, মঙ্গলবার মনোনয়নপত্র যাচাই-বাছাই ও খসড়া প্রার্থী তালিকা প্রকাশ করা হবে।

ঝিনাইদহে কেন্দ্রীয় সমবায় ব্যাংক’র সাধারণ সভা

কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিমিটেড ঝিনাইদহ-এর ৫৪ তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার (২৬ ফেব্রুয়ারি) সকালে ঝিনাইদহ শহরের সমবায় ব্যাংক চত্বরের বার্ষিক সাধারণ সভা ঝিনাইদহ জেলা বিএনপি’র সাধারণ সম্পাদক মোঃ জাহিদুজ্জামান মনা’র সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। এতে বক্তব্য রাখেন ঝিনাইদহ জেলা বিএনপি’র সহ-সভাপতি ও ঝিনাইদহ জেলা দোকান মালিক সমিতির সভাপতি মোঃ আনোয়ারুল ইসলাম বাদশা, কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ ঝিনাইদহের নির্বাহী কর্মকর্তা মোঃ ফারুক মিয়া, কোটচাঁদপুর উপজেলা সমবায় অফিসার মজিবর রহমান, শৈলকুপা উপজেলা সমবায় অফিসার মজিবর রহমান, কালীগঞ্জ উপজেলা সমবায় অফিসার শ.ম. রাশেদুল আলম, সদর উপজেলা সমবায় অফিসার শামিমা নাছরিন, কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ ঝিনাইদহের সহ-সভাপতি আঃ গফুর, সদস্য আজিজুর রহমান তিতু, ব্যাংক সদস্য সৈয়দ শফিউল ইসলাম, সমবায় ব্যাংকের এসিস্ট্যান্ট অফিসার মো জাহিদুর রহমান জিহাদ সহ অন্যান্যরা।

পরে উপস্থিত সকলের সর্বসম্মতিক্রমে ৯ সদস্য বিশিষ্ট কমিটিতে মোঃ জাহিদুজ্জামান মনা সভাপতি ও মোঃ আনোয়ারুল ইসলাম বাদশাকে

মুজিবনগরে সু-প্রতিবেশী মহিলা সমবায় সমিতি লিঃ ৯ম বার্ষিক সাধারণ সভা

“সমবায়ে গড়ব দেশ, বৈষম্যহীন বাংলাদেশ ” এই স্লোগান কে সামনে রেখে মুজিবনগরে সুপ্রতিবেশী মহিলা সমবায় সমিতি লি: ৯ম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সকাল ১১ টার সময় গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর বল্লভপুর প্রজেক্টর অফিস এবং সু-প্রতিবেশী মহিলা সমবায় অফিস প্রাঙ্গনে বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়।

বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠানে সু প্রতিবেশী মহিলা সমবায় সমিতি এর সভাপতি রেহেনা খাতুন এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলাম।

সু-প্রতিবেশী মহিলা সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্য শাবানা খাতুন এর সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা সমবায় অফিসার মাহবুবুল হক, জেলা উপসহকারী নিবন্ধকক এনামুল হক, উপজেলা সহকারী পরিদর্শক শাহিনুজ্জামান, গুডনেইবারর্স মেহেরপুর সিডিপি এর সিনিয়র প্রোগ্রাম অফিসার রিফাত আল মাহমুদ, সমবায় সমিতির কো- অপারেটিভ অফিসার রিয়াজউদ্দিন, গুডনেইবারর্স মেহেরপুর সিডিপি এর ফেসিলেটর মেহেদী হাসান, সমবায় সমিতির সম্পাদক আঞ্জুয়ারা খাতুন।

বার্ষিক সাধারণ সভায় উপস্থিত সমবায় সমিতির ১৫৭৩ জন সদস্য মধ্য এবং চলতি অর্থবছরের ১৪৫৮ জন সদস্যদের মাঝে বার্ষিকী হিসাব-নিকাশ লাভ লোকসান তুলে ধরেন সমিতির কোষাধ্যক্ষ নাসিমা খাতুন।

মেহেরপুরে সমবায় বিভাগের প্রশিক্ষণ

মেহেরপুর জেলাধীন সমবায় বিভাগের কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে তথ্য অধিকার সংক্রান্ত আইন ও বিধিমালা বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

সোমবার সকালে মেহেরপুর জেলা সমবায় অফিসারের কার্যালয়ে এই প্রশিক্ষণের আয়োজন করা হয়।

জেলা সমবায় কর্মকর্তা প্রভাষ চন্দ্র বালার সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে জুমের মাধ্যমে যুক্ত ছিলেন খুলনা বিভাগীয় সমবায় কার্যালয়ের উপ-নিবন্ধক প্রশাসন মাসুদা পারভীন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা তথ্য কর্মকর্তা মোঃ আব্দুল্লাহ আল মামুন।

এছাড়াও উপস্থিত ছিলেন উপজেলা সমবায় কর্মকর্তা মনিরুজ্জামান, জেলা সমবায় প্রশিক্ষক মোঃ নুরুজ্জামান, সহকারী প্রশিক্ষক মোঃ রোকনুজ্জামান তুষার। প্রশিক্ষণে মেহেরপুর জেলাধীন সমবায় বিভাগের সকল কর্মকর্তা ও কর্মচারী উপস্থিত থেকে প্রশিক্ষণ গ্রহণ করেন।

গাংনীর গাড়াবাড়িয়াতে কয়েক কোটি টাকা নিয়ে উধাও একটি সমবায় সমিতি

মেহেপুরের গাংনী উপজেলার গাড়াবাড়িয়া গ্রামে স্বর্ণালী সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি নামের একটি বেসরকারি প্রতিষ্ঠান গ্রাহকদের কাছে থেকে কয়েক কোটি টাকা আমানত সংগ্রহ করে উধাও হওয়ার অভিযোগ

উঠেছে।

গাড়াবাড়িয়াসহ আশেপাশের কয়েকটি গ্রামের মানুষকে অতিরিক্ত লাভ দেখিয়ে গ্রাহক তৈরি করে কয়েক বছর ধরে অবৈধভাবে এ আমানত সংগ্রহ করতে প্রতিষ্ঠানের প্রধান (সভাপতি) মাহিরুল ইসলাম। আমানতের পরিমাণ সঠিক করে বলতে না পারলেও কয়েক কোটি টাকা হবে ধারণা করছেন গ্রাহকরা। কয়েকদিন ধরে প্রতিষ্ঠান বন্ধ রেখে মাহিরুল ইসলাম গা ঢাকা দিয়েছেন।

বুধবার দুপুরে ওই সমিতিতে অনেক গ্রাহকের লাভের টাকা নিতে এসে অফিস বন্ধ থাকায় ক্ষোভ প্রকাশ করে সেখানে জমায়েত হন। গাড়াবাড়িয়া গ্রামে মাছের ব্যবসা করেন সবুর আলী। অতিরিক্ত লাভ পাবার আশায় স্বর্ণালী সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতিতে ৬ লাখ টাকা ডিপোজিট করেছিলেন। কয়েক মাস লাখে এক হাজার ৬শ টাকা করে লাভও পেয়েছেন। কিন্তু গত মাসে তাকে আর লাভ দেওয়া হয়নি। এদিকে হঠাৎ করে গত মঙ্গলবার থেকে অফিস বন্ধ থাকায় তিনি পড়েছেন বিপাকে।

সবুর আলীর মত অতিলোভে একই প্রতিষ্ঠানে টাকা জমা করেছেন রবিউল ইসলাম ৩ লাখ ৭০ হাজার, ফিরোজ হোসেন সাড়ে ৩ লাখ, জারাফত আলী (অবসরপ্রাপ্ত পিয়ন) ২ লাখ, জলিল মণ্ডল ৪ লাখ ৩০ হাজার, তোজাম্মেল হক ১ লাখ টাকা, আব্দুস সাত্তার ৪ লাখ, হানুফা বেগম রেখেছেন ৬০ হাজার টাকা। এধরণের শত খানেক মানুষকে গ্রাহক বানিয়ে তাদের কাছে থেকে কয়েক কোটি টাকা সংগ্রহ করেছেন প্রতিষ্ঠান প্রধান মাহিরুল ইসলাম।

এ বিষয়ে স্বর্ণালী সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতির সভাপতি মাহিরুল ইসলামের সাথে মোবাইল ফোনে যোগাযোগ করার চেষ্টা করা হলে তার ফোন বন্ধ পাওয়া যায়।

স্বর্ণালী সঞ্চয় ঋণদান সমবায় সমিতি লিমিটেডের মাঠকর্মী সাহারুল ইসলাম বলেন, তিনি মাঠকর্মী হিসেবে কাজ করতেন। সংস্থার পরিচালক মাহিরুল ইসলাম সব লেনদেন করতেন। এখন মাহিরুলকে তারাও খুঁজে পাচ্ছেন না।

স্থানীয়রা জানান, গাংনী উপজেলার মটমুড়া গ্রামের মাহিরুল ইসলাম ২০১৬ সালে স্বর্ণালী সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি নামের ওই প্রতিষ্ঠানটি গাড়াবাড়িয়া গ্রামে কার্যক্রম শুরু করে। প্রথম থেকেই তারা স্থানীয় কয়েকজনকে নিয়োগ দেয় কর্মী হিসেবে। বিভিন্ন দোকানে দোকানে ক্ষুদ্র ক্ষুদ্র ঋণ দিয়ে প্রতিদিন সেই ঋণের কিস্তি আদায়

করে থাকে। কিন্তু ওই প্রতিষ্ঠানের মালিক মাহিরুল ইসলাম গোপনে অতিরিক্ত লাভ দেওয়ার কথা বলে গ্রাহকদের কাছে থেকে টাকা নিয়ে ডিপোজিট করতো এটা স্থানীয় কেউ জানতো না। গত দুদিন ধরে প্রতিষ্ঠান বন্ধ থাকায় বিষয়টি এলাকার মানুষ জানতে পেরেছে।

গাংনী উপজেলা সমবায় কর্মকর্তা মাহবুবুল হক মন্টু বলেন, স্বর্ণালী সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতির মেহেরপুর জেলা কার্যালয় থেকে ২০১৩ সালে নিবন্ধন পেয়েছে। গত অডিট রিপোর্টে তাদের সঞ্চয় দেখানো হয়েছে ১০ লাখ ৩৪হাজার ৬৮০ টাকা, ঋণ দেখানো হয়েছে ১৪ লাখ ৪ হাজার ২৮৬ এবং শেয়ার দেখানো হয়েছে ৩৫ হাজার ৬শ টাকা। সদস্য সংখ্যা ১১৮ জন।

তিনি বলেন, সমবায় থেকে নিবন্ধন নেওয়া কোন প্রতিষ্ঠান আমানত সংগ্রহ (এফডিআর) করতে পারেন না। যেটা কাউকে না জানিয়ে অবৈধভাবে ওই প্রতিষ্ঠান করেছে। গ্রাহকের টাকা নিয়ে পালিয়ে যাওয়ার খবর পেয়ে প্রতিষ্ঠানের দেওয়া সভাপতি ও সাধারণ সম্পাদকের মোবাইল নম্বরে যোগাযোগ করা হলে দুটি নম্বরই বন্ধ পাওয়া গেছে। বিষয়টি জেলা কার্যালয় ও উপজেলা নির্বাহী অফিসারকে জানানো হয়েছে।

গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা জানান, বিষয়টি শুনেছি। তবে ক্ষতিগ্রস্থদের মধ্যে থেকে কেউ লিখিত বা মৌখিকভাবে কোন অভিযোগ করেনি। অভিযোগ পেলে ওই প্রতিষ্ঠানে বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

মেহেরপুরে ৪৯ তম সমবায় দিবস পালিত

আলোচনা সভা ও পুরস্কার বিতরণ এর মধ্য দিয়ে মেহেরপুরে ৪৯ তম সমবায় দিবস পালিত হয়েছে।

শনিবার দুপুরে মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভা শেষে সমবায়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।